

রোহিঙ্গা শরণার্থী শিবির, উখিয়া। মার্চ ২০২২

বর্ষ: ৪র্থ, সংখ্যা: ৪১

মানবিক সহায়তা ও সাড়া প্রদানের অংশ হিসেবে, ইউনিসেফের আর্থিক ও কারিগরি সহযোগিতায় "শিক্ষা প্রকল্পের" আওতায় কোস্ট ফাউন্ডেশন রোহিঙ্গা শিশুদের প্রাক প্রাথমিক এবং অনানুষ্ঠানিক শিক্ষা প্রদান করছে। ক্যাম্প-১৪ তে কোস্ট ফাউন্ডেশনের ৮৪ টি লার্নিং সেন্টার রয়েছে যেখানে ৬২৩০ জন শিক্ষার্থী আনন্দদায়ক পরিবেশে মানসম্মত শিক্ষা গ্রহণ করছে।



নতুন ছয়টি শিক্ষা কেন্দ্রের শুভ উদ্বোধন। ক্যাম্প ইনচার্জ জনাব সুপ্রভাত চাকমার সাথে কোস্ট ফাউন্ডেশনের কর্মীগণ। ছবি: মনি, এম এন্ড ই ও, শিক্ষা প্রকল্প।



সুপ্রভাত চাকমা
ক্যাম্প ইনচার্জ, ক্যাম্প-১৪।

আপনি শিক্ষকতার মতো মহান পেশায় নিয়োজিত, আপনার কাজ দিয়ে রোহিঙ্গাদের কাছ থেকে সেই সম্মান অর্জন করতে হবে।

ফিরে যাবে এবং এই শিক্ষা তাদের দেশের মূলধারার সাথে মিশতে ও খাপ খাওয়াতে সহায়তা করবে। শিক্ষকদের জন্য নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। এখানে আসলাম গেলাম এমনটা হলে চলবে না। আপনাদের এমন হতে হবে যেন আপনার প্রচেষ্টা রোহিঙ্গাদের কাজে আসে।

এটি রক্ষণাবেক্ষণ এবং অপারেশনাল খরচ কমিয়ে দেবে, সেইসাথে একটি নতুন শিক্ষা কেন্দ্রে ছাত্র এবং শিক্ষকগণের জন্য নিরাপদ এবং স্বাস্থ্যকর পরিবেশ নিশ্চিত করবে।



উদ্বোধনকালে অতিথীদের সৌজন্যে আলোচনা করছেন শিক্ষা প্রকল্পের ম্যানেজার। ছবি: সালাহউদ্দীন, পিও, শিক্ষা প্রকল্প।

ছয়টি নতুন পুনঃস্থাপন শিক্ষা কেন্দ্রের শুভ উদ্বোধন করেছেন ক্যাম্প ইনচার্জ সুপ্রভাত চাকমা

ক্যাম্প নিরাপত্তা এবং সুরক্ষার স্বার্থে সীমিত নির্ধারিত ও বসাবসের জন্য জায়গা পরিবর্তনের ফলে কোস্ট ফাউন্ডেশনের ৬টি শিক্ষা কেন্দ্রের পুনঃস্থাপন প্রয়োজন হয়। ফেব্রুয়ারী ২০২২ শিক্ষা কেন্দ্রগুলি কোভিডের কারণে বন্ধ থাকায় নির্বন্ধে কেন্দ্রগুলি পুনঃস্থাপনের কাজ সহজ হয়। পুনঃস্থাপিত কেন্দ্রগুলির শুভ উদ্বোধন করেন ক্যাম্প ইনচার্জ জনাব সুপ্রভাত চাকমা।



ফিতা কেটে শিক্ষা কেন্দ্রের উদ্বোধন করছেন জনাব সুপ্রভাত চাকমা। ছবি: মিজান, পিও, শিক্ষা প্রকল্প।

উদ্বোধনকালে জনাব সু-প্রভাত চাকমা বলেন- শিশুরা কেনো কেন্দ্রগুলোতে অংশগ্রহণ করবে- সুন্দর করে সাজানো হয়েছে, খেলার পর্যাণ্ড জায়গা ও

খেলার সরঞ্জাম আছে। এরপরও অনেক শিশু স্কুল পালিয়ে বনে বাদাড়ে ঘুরে বেড়াবে মাঠে খেলা করবে এজন্য শিক্ষকগণকে সচেতন ও দক্ষ হতে হবে একটা পরিবেশ তৈরী করতে হবে।

আমাদের দেশীয় শিক্ষকগণের ইংরেজী ও বিজ্ঞানের পাশপাশি বার্মিজ ভাষায় দক্ষ করে তুলতে হবে কারন দিনশেষে রোহিঙ্গারা তাদের দেশে

শিক্ষা কেন্দ্র খুলছে : যা মাথায় রাখতেই হবে

একটি ভালো শিক্ষা কেন্দ্র পরিকাঠামো ক্যাম্পে বসাবসকারী শিশুদের অধ্যয়ন সম্ভব করে তোলে এবং শিক্ষার্থী শিক্ষকদের উপস্থিতি ও শেখার আগ্রহকে উন্নত করে। বন্ধ থাকার পর শিক্ষাকেন্দ্রগুলো পুনরায় আবার খুলবে মার্চ মাসে। শিক্ষাকেন্দ্রগুলো খুলতে কোস্ট ফাউন্ডেশন প্রয়োজনীয় সব পদক্ষেপ গ্রহণ করেছে।

নিয়মিত পর্যবেক্ষণের মাধ্যমে সংস্কারযোগ্য সমস্ত কেন্দ্র সংস্কার করা হয়েছে, পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করা হয়েছে, কোভিড প্রতিরোধে যাবতীয় গাইডলাইন যথাযথভাবে পালনের সকল ব্যবস্থা নিশ্চিত করা হয়েছে এবং শিক্ষার্থীদের শিক্ষা উপকরণের মালামাল শিক্ষা কেন্দ্রগুলোতে পর্যাপ্ত পরিমাণে মজুদ রাখা হয়েছে।

সৃজনশীল প্রতিটি শ্রেণীকক্ষে আছে ইন্টারেক্টিভ খেলনা, প্রাকৃতিক আলোর প্রাপ্যতা এবং সঠিক বায়ুচলাচলের সুগম্যতা যা শিক্ষকগণের পাঠদান ও প্রতিটি শিক্ষার্থীকে আলাদাভাবে মূল্যায়ন করার জন্য শিক্ষকগণের সহায়তা করবে।